গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যলয়
কালীগঞ্জ,ঝিনাইদহ।
www.kaliganj.jhenaidah.gov.bd

**ফুল বিপণন কেন্দ্র ইজারা (১ম ডাক) বিজ্ঞপ্তি ১৪৩১ বঙ্গাব্দ :**

**বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩১**

কালীগঞ্জ উপজেলাধীন বালিয়াডাঙ্গা ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) ব্যবস্থাপনা ও পরিচালনা কমিটির ১৩.০৩.২০২৪ খ্রি তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ত্রিলাচনপুর ইউনিয়নাধীন বালিয়াডাঙ্গা ফুল বিপনন কেন্দ্র (এসেম্বল সেন্টার) বঙ্গাব্দ ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সিডিউলে উল্লিখিত/সংযুক্ত শর্তসাপেক্ষে আগ্রহী ফুলচাষী / ফুল ব্যবসায়ীদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ,ঝিনাইদহ কর্তৃক প্রদত্ত সিডিউলের মাধ্যমে সীল মোহরকৃত দরপত্র নিম্নবর্ণিত তফশীল মোতাবেক আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালীগঞ্জ,অফিসার ইন-চার্জ এর কার্যালয়, কালীগঞ্জ থানা, জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, ঝিনাইদহ, সোনালী ব্যাংক, কালীগঞ্জ শাখা-২,কালীগঞ্জ, ঝিনাইদহ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়,ঝিনাইদহ, পুলিশ সুপারের কার্যালয়, ঝিনাইদহ, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়,কালীগঞ্জ ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। ধার্য তারিখে নির্ধারিত সময়ে দরপত্র দাতাদের সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে (যদি কোন দরপত্রদাতা উপস্থিত থাকেন)। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহের অনুকূলে উদ্ধৃত মূল্যের ৩০% জামানত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল-এর ক্ষমতা সংরক্ষণ করেন।

**১৪৩১ বাংলা সনে ইজারা বন্দোবস্তযোগ্য ফুল বিপণন কেন্দ্রের তালিকা:**

| ক্রমিক | ইউনিয়নের নাম | ফুল বিপণন কেন্দ্রের নাম | ১৪৩১ সনের সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | ত্রিলোচনপুর | বালিয়াডাঙ্গা ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার ) | ২,০০,০০০/- | ১০০০.০০ |

**দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ**

| পর্যায় | দরপত্র ক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম ডাক | ১৩.০৩.২০২৪ খ্রি. হতে ২৭.০৩.২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৭.০৩.২০২৪ খ্রি. সকাল ১০.০০ হতে দুপুর ১.৩০ টা পর্যন্ত | ২৮.০৩.২০২৪ খ্রি. বেলা ৩.০০ ঘটিকা |

**শর্তাবলী-**

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) ইজারা দেওয়া হইবে (কুল চেম্বার ব্যতীত)।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত ফুল বিপণন কেন্দ্র নিজ খরচে পরিষ্কার না করিলে, অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্র উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট ফুল বিবণন কেন্দ্রের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।

০৫। এক ফুল বিপণন কেন্দ্রের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক ফুল বিপণন কেন্দ্রের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত ফুল বিপণন কেন্দ্রের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার ) নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার )অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩/০৩/২৪

(ইসরাত জাহান )
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, ঝিনাইদহ।

স্মারক নং-০৫.৪৪.৪৪৩৩.০০০.০৬.০১৮.২৩-৩২২

তারিখ : ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো-

০১। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী,ঢাকা।

০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

০৩। পুলিশ সুপার, ঝিনাইদহ। মহোদয়কে উপরিল্লিখিত তারিখ ও সময়ে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্সে দরপত্র জমা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ / ঝিনাইদহ সদর/কোটচাঁদপুর/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু ঝিনাইদহ।

০৫। উপ পরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

০৬। সহকারী কমিশনার(ভূমি), কালীগঞ্জ/ঝিনাইদহ সদর/কোটচাঁদপুর/মহেশপুর/শৈলকুপা/ হরিনাকুন্ডু, ঝিনাইদহ।

০৮। উপজেল কৃষি কর্মকর্তা কালীগঞ্জ, ঝিনাইদহ ।

০৯। জেলা কৃষি বিপণন কর্মকর্তা, ঝিনাইদহ।

১০। চেয়ারম্যান (সকল)--------------------------------------------- (সকল)ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, ঝিনাইদহ।
নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। উপজেলা---------------------------------------------------- অফিসার,কালীগঞ্জ,ঝিনাইদহ। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩/০৩/২৪

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, ঝিনাইদহ।